

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বানিয়াচং, হবিগঞ্জ।

ই-মেইল : unobaniachong@mopa.gov.bd

স্মারক নং-০৫.৬০.৩৬১১.০০৫.০২.৮০২.২০২০- ৫৫(২০০)

তারিখ: ৩০.০১.২০২০খ্রি.

১৪২৭ বাংলা সনের জন্য হাট-বাজার ইজারা প্রদানের দরপত্র বিজ্ঞপ্তি :

(বিজ্ঞপ্তি নং-০১/১৪২৭ বাংলা)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্মারক নং- ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০, তারিখ-২১সেপ্টেম্বর ২০১১খ্রিঃ মূলে জারীকৃত নীতিমালা মোতাবেক হবিগঞ্জ জেলার বানিয়াচং উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজার সমূহ ১৪২৭ বাংলা সনের জন্য (১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তাবলীর অধীনে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র দাখিলের তারিখে কোন দরপত্র বিক্রয় করা হবে না। দরপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাঞ্ছা নিম্নবর্ণিত তারিখ ও সময়ে জমা দিতে হবে। নির্ধারিত দরপত্র ফরম ব্যতীত দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে। প্রতিটি পর্যায়ে প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সিডিউল ফরম ক্রয় করতে হবে। এক পর্যায়ে সিডিউল ফরম অন্য পর্যায়ে ব্যবহার করা যাবে না। দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে।

প্রতি পর্যায়ে গৃহীত দরপত্র ব্যতীত অবশিষ্ট হাট-বাজারসমূহ পরবর্তী পর্যায়ে ইজারার জন্য উন্মুক্ত থাকবে। দরপত্র সিডিউলে উল্লিখিত তারিখ সমূহে নির্ধারিত মূল্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, জেলা প্রশাসক, হবিগঞ্জ মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা ও সহকারী কমিশনার (ভূমি), বানিয়াচং এর কার্যালয় হতে দরপত্র গ্রহণ করা যাবে।

দরপত্র ফরম বিক্রয়, গ্রহণ ও খোলার সময়সূচি :

দরপত্রের পর্যায়	দরপত্র ফরম বিক্রয়ের তারিখ (অফিস চলাকালীন)	দরপত্র গ্রহণের তারিখ ও সময়		মন্তব্য
		সকাল-৯.০০ঘটিকা হতে বেলা-০২.০০ঘটিকা পর্যন্ত	দরপত্র খোলার তারিখ ও সময় বিকাল-০৩.০০ ঘটিকা	
১ম পর্যায়	১৭-০২-২০২০ খ্রি.	১৮-০২-২০২০ খ্রি.	১৯-০২-২০২০ খ্রি.	উল্লেখ্য যে, প্রতি পর্যায়ে ইজারাকৃত হাট-বাজার ব্যতীত অবশিষ্ট হাটবাজারসমূহ পরবর্তী পর্যায়ে ইজারার জন্য উন্মুক্ত থাকবে।
২য় পর্যায়	০২-০৩-২০২০ খ্রি.	০৩-০৩-২০২০ খ্রি.	০৪-০৩-২০২০ খ্রি.	
৩য় পর্যায়	১০-০৩-২০২০ খ্রি.	১১-০৩-২০২০ খ্রি.	১২-০৩-২০২০ খ্রি.	
৪র্থ পর্যায়	২৩-০৩-২০২০ খ্রি.	২৪-০৩-২০২০ খ্রি.	২৫-০৩-২০২০ খ্রি.	
৫ম পর্যায়	০৬-০৪-২০২০ খ্রি.	০৭-০৪-২০২০ খ্রি.	০৮-০৪-২০২০ খ্রি.	

ইজারায়োগ্য হাট-বাজার সমূহের বিবরণ :

ক্রমিক নং	হাট-বাজারের নাম	ইউনিয়নের নাম	১৪২৭ বাংলা সনের সরকারি ইজারামূল্য	দরপত্র ফরমের ক্রয় মূল্য	মন্তব্য
০১	বানিয়াচং বড় বাজার	১নং বানিয়াচং উঃ পূর্ব ইউপি	৩,৬২,১৬৭/-	১,৪০০/-	স্বত্ব মামলাভুক্ত দাগসমূহ ব্যতীত
০২	৫/৬নং বাজার(গরুরহাট)	৪নং বানিয়াচং দঃ পঃ ইউপি	৩,৭২,৭৯৮/-	১,৪০০/-	
০৩	আনন্দ বাজার	৬নং কাগাপাশা ইউপি	২,৫০০/-	৫০০/-	
০৪	আলীগঞ্জ বাজার	৯নং পুকড়া ইউপি	৮১,৫৭৯/-	৫০০/-	
০৫	ইকরাম বাজার	১২নং সুজাতপুর ইউপি	৩,৮৯,৯০৩/-	১,৪০০/-	
০৬	সুজাতপুর বাজার	১২নং সুজাতপুর ইউপি	৩৯,০১৯/-	৫০০/-	
০৭	মুরাদপুর বাজার	১৪নং মুরাদপুর ইউপি	৩৩,৭২৬/-	৫০০/-	
০৮	কুমড়ী দুর্গাপুর বাজার	১৫নং পৈলারকান্দি ইউপি	১,১৫,২৯৩/-	১,০০০/-	
০৯	বিখঙ্গল বাজার	১৪ নং মুরাদপুর ইউপি	১,১৮,৭২০/-	১,০০০/-	
১০	আদর্শ বাজার	২নং বানিয়াচং উঃপঃ ইউপি	৮,৩১৭/-	৫০০/-	
১১	দৌলতপুর চক বাজার	৫নং দৌলতপুর ইউপি	৬৬,৭০৯/-	৫০০/-	

চলমান পাতা ০২

ইজারার শর্তাবলী

- ০১। ১৪২৭ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০শে চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা প্রদান করা হবে।
- ০২। দরপত্রদাতাকে দরপত্রে উদ্ধৃত মূল্যের উপর ৩০% অর্থ যে কোন তপসীলী ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বানিয়াচং, হবিগঞ্জ এর অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে। ইহার অন্যথা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% টাকা ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% টাকা জামানত হিসেবে অত্র কার্যালয়ে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহিতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিঠানো হবে। বছর সমাপনান্তে ৫% জমাকৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যর্পণ করা হবে।
- ০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর, এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- ০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট বাজারের পূর্ববর্তী ৩(তিন) বছরের গড় ইজারা মূল্যের ৬% বেশী মূল্য অর্থাৎ সরকারী মূল্য হতে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।
- ০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।
- ০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ০৭। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে কোন টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।
- ০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজারটি সাব-লীজ প্রদান করতে পারবেন না।
- ১০। ইজারার সমস্ত অর্থ (১৫% ভ্যাট ও ৫% আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।
- ১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন।
- ১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
- ১৪। কোন প্রকার ঘষামাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
- ১৬। হাট-বাজার অনাদায়ী ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।
- ১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।
- ১৮। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৯। হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি www.baniachong.habiganj.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।


(মোঃ মামুন খন্দকার)

উপজেলা নির্বাহী অফিসার
বানিয়াচং, হবিগঞ্জ।

ফোন-০৮৩২৪-৫৬০০৩, ফ্যাক্স-০৮৩২৪-৫৬১৯৪

e-mail : unobaniachong@mopa.gov.bd

চলমান পাতা ০৩

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ০১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ০৩। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- ০৪। পুলিশ সুপার, হবিগঞ্জ।
- ০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, হবিগঞ্জ।
- ০৬। সিভিল সার্জন, হবিগঞ্জ।
- ০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।
- ০৮। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)/সার্বিক, হবিগঞ্জ।
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার..... (সকল), হবিগঞ্জ।
- ১০। মেয়র, হবিগঞ্জ/মাধবপুর/নবীগঞ্জ/আজমিরী/চুনারুঘাট/শায়েরগঞ্জ পৌরসভা, হবিগঞ্জ।
- ১১। বিভাগীয় প্রধান..... (সকল), হবিগঞ্জ।
- ১২। সহকারী কমিশনার (ভূমি)..... (সকল), হবিগঞ্জ।
- ১৩। উপজেলা..... অফিসার ও সদস্য-সচিব/সদস্য, উপজেলা হাট-বাজার মূল্যায়ন কমিটি, বানিয়াচং, হবিগঞ্জ।
তাকে বর্ণিত তারিখ ও সময়ে হাট-বাজার মূল্যায়ন কমিটির সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- ১৪। অফিসার ইনচার্জ, বানিয়াচং থানা, হবিগঞ্জ।
- ১৫। সাব রেজিস্ট্রার, বানিয়াচং, হবিগঞ্জ।
- ১৬। চেয়ারম্যান (সকল), ইউপি, বানিয়াচং, হবিগঞ্জ।
- ১৭। ব্যবস্থাপক, ব্যাংক(সকল), বানিয়াচং, হবিগঞ্জ।
- ১৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, (সকল), ইউনিয়ন ভূমি অফিস, বানিয়াচং, হবিগঞ্জ। তাকে তাঁর এলাকার হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে বিজ্ঞপ্তি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
- ১৯। সভাপতি/সম্পাদক..... বাজার কমিটি, বানিয়াচং, হবিগঞ্জ।
- ২০। জনাব..... বানিয়াচং, হবিগঞ্জ।
- ২১। সম্পাদক, দৈনিক পত্রিকা, হবিগঞ্জ। তাকে স্বল্প পরিসরে সংযুক্ত বিজ্ঞপ্তি পত্রিকায় ০১(এক) দিন প্রকাশ করার এবং প্রকাশিত বিজ্ঞপ্তির ০৩(তিন) কপি পত্রিকা বিলসহ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ২০। নোটিশ বোর্ড।
- ২২। অফিস কপি।


(মোঃ মামুন হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার
বানিয়াচং, হবিগঞ্জ।

ফোন-০৮৩২৪-৫৬০০৩, ফ্যাক্স-০৮৩২৪-৫৬১৯৪
e-mail : unobaniachong@mopa.gov.bd